ফাতওয়া নাম্বার:২৬৯ প্রকাশকালঃ১৫-০৮-২০২১ ইং

চুল কোম্পানিতে চাকরি করার হুকুম কী?

প্রশ্ন:

আমরা জানি মানুষের অঙ্গ-প্রত্যঙ্গ ক্রয়-বিক্রয় করা হারাম। তাই আমার জানার বিষয় হল, চুল কোম্পানিতে চাকরি করা কি বৈধ হবে?

উত্তর:

মানুষকে যেমন আল্লাহ তাআলা সম্মানিত বানিয়েছেন, তেমনি মানুষের সকল অঙ্গ-প্রত্যঙ্গ এমনকি চুল, নখ ইত্যাদির কর্তিত অংশকেও সম্মানিত বানিয়েছেন। এগুলোর বিধান হচ্ছে, মাটির নিচে দাফন করে দেওয়া। মানুষের কোনো বিচ্ছিন্ন অংশ ক্রয়-বিক্রয় বা অন্যভাবে ব্যবহার করা জায়েয নয়। সুতরাং চুল ক্রয়-বিক্রয় করে, এমন কোন কোম্পানিতে চাকরি করাও বৈধ নয়। -আলহিদায়াহ: ৩/৪৬; রদ্দুল মুহতার: ৫/৫৮; মাউসূআহ ফিকহিয়্যাহ কুয়েতিয়্যাহ: ৬৬/১০২

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৮-০১-১৪৪৪ হি.

০৭-০৮-২০২২ ঈ.